১৪/০২/২২
স্মারক

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

**জানুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৩০তম সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব মো: মোস্তাকুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ,সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময়: ১৩ জানুয়ারি ২০২২ সকাল : ১১.৩০ ঘটিকা
(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রস্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি ধারাবাহিকভাবে পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণির কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট ইউপি চেয়ারম্যানগণ প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত পরিপত্র/ সার্কুলার | কোন সার্কুলার /পরিপত্র পাওয়া যায়নি। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | (ক) ডিসেম্বর/২০২১ মাসে উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) কোন প্রকল্প প্রস্তাব বা সুপারিশ নেই।<br>সিদ্ধান্ত : বিগত সভায় অনুমোদিত প্রকল্পসমূহ নির্ধারীত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যনগণকে অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ বিভিন্ন প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা স্থায়ী কমিটির সুপারিশ সহ গৃহীত প্রকল্প উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ইউডি এস, জাইকা প্রকল্প/ ইউপি চেয়ারম্যান (সকল), বালাগঞ্জ |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসনের মাননীয় সংসদ সদস্য এর ডিসেম্বর/২২ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | সকল দপ্তর |
| নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এসবি সাউন্ড সিস্টেম ক্রয় বাবদ ১,২২,০০০/-(একলক্ষ বাইস হাজার) টাকা,বাসা মেরামত বাবদ ১১,১০০/-(এগার হাজার একশত) টাকা, উপজেলা পরিষদের জীপ গাড়ীর নভেম্বর,২০২১ মাসের জ্বালানী বিল বাবদ ১৬,৬১৫/- (যোল হাজার ছয়শত পনের) টাকা, উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান উপজেলা পরিষদ এর বাসা রংকরণ বাবদ ১,৯৭,৭৯৫/- (এক লক্ষ সাতান্নব্বই হাজার সাতশত পচান্নব্বই) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিবিধ | (ক) চেয়ারম্যান,উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলা পরিষদে বসবাসরত কর্মচারীগণকে বাসা ভাড়া নিয়মিত পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের বাসা ভাড়া নিয়মিত পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ ছাত্রীদের কোভিট-১৯ ভ্যাকসিন গ্রহণ করার সময় মেয়েদেরকে ভ্যাকসিন প্রদান করবেন কর্তব্যরত নার্স(মহিলা) ও ছেলেদেরকে ভ্যাকসিন প্রদান করবেন কর্তব্যরত নার্স (পুরষ) এ বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত: করোনা ভাইরাসের ভ্যাকসিন ছাত্রীদেরকে নার্স (মহিলা) ও ছেলেদেরকে নার্স (পুরুষ) প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন বর্তমান করোনা পরিস্থিতে সভা সমাবেশে বিধি নিষেধ থাকায় নীতমালা প্রতিপালন করতে হবে। এবিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখতে অনুরোধ করেন।<br>সিদ্ধান্ত: সভা সমাবেশ সরকারি বিধি-নিষেধ প্রতিপালনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদে সহকারী কমিশনার (ভূমি)র বাসভবনটি জরাজীর্ন থাকায় বসবাসের উপযোগী করতে জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্তঃ সহকারী কমিশনার (ভূমি) এর বাসভবন জরুরী ভিত্তিতে মেরামত ও সংস্কারের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত পূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং নীতিমালা প্রতিপালন পূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের স্থাপিত বঙ্গবন্ধু ম্যুরালের সৌন্দর্য বর্ধনের জন্য প্রয়োজনীয় কাজ বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্তঃ বঙ্গবন্ধু ম্যুরালের সৌন্দর্য বর্ধনের কাজ বাস্তবায়নের এবং নীতিমালা প্রতিপালন পূর্বক ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/)উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ইউপি চেয়ারম্যান (সকল) |

**সভাপতির সমাপনী বক্তব্য :** সভাপতি বর্তমান করোনা পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানান। তিনি উপজেলা কমিটির সভা নিয়মিত আহবান করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১- ৩৬(৫০)

তারিখ : ১৩ জানুয়ারি ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-
০১। মাননীয় সংসদ সদস্য, সিলেট-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ
০৫। জেলা প্রশাসক, সিলে

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-
০১। উপজেলা ..................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট
০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

১৮/৭/২২

(রোজিনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
বালাগঞ্জ, সিলেট
টেলিফোন: ০৮২২২-৫৬০০১
Email: unobalaganj@gmail.com

| ক্রমিক | জনপ্রতিনিধিবৃন্দ | ১৯/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২০২১ | 20/12/2021 (20/12/21) | ১৩/০১/22 | ২৪/২/2022 | ১৬/০৩/22 |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | জনাব হাবিবুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>সিলেট-৩ | [signature] | M.P. | | | | | |
| ০২. | জনাব মো: মোস্তাবুর রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | upz chairman [signature] | [signature] | | | | |
| ০৩. | জনাব মো: সামসু উদ্দিন<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৪. | জনাব সেবু আক্তার মনি<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৫. | চেয়ারম্যান<br>পূর্ব দৈলনপুর ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | চেয়ারম্যান,<br>বোরালজুড় ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান<br>দেওয়ানবাজার ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ০৮. | চেয়ারম্যান<br>পশ্চিম গৌরীপুর ইউপি | [signature] 19-09-2021 | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | চেয়ারম্যান<br>বালাগঞ্জ ইউপি | [signature] | [signature] | | [signature] 20.11.21 | [signature] 13.01.22 | | |
| ১০ | চেয়ারম্যান<br>পূর্ব গৌরীপুর ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১২/০৯/২০২১ | ২৮/১০/২০২১ | ২২/১১/২১ | ২০/১২/২০২১ | ২৬/০১/২২ | ২৪/২/২০২২ | ২৩/০৩/২২ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৩/৩/২২ |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] ২০/১২/২০২১ | | [signature] ২৪/২/২০২২ | |
| ০৪. | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | – | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ২৩/০৩/২২ |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] | [signature] | – | [signature] | [signature] | [signature] | |
| ০৯. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ২৪/২/২২ | [signature] ২৩/০৩/২২ |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | – | – | [signature] | [signature] | [signature] ২৬/১/২২ | | |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] ২৪/২/২২ | [signature] ২৩/৩/২২ |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |
| ~~১৫~~ | ~~উপজেলা যুব উন্নয়ন ক~~ | | | | | | | |

| ক্র: | কর্মকর্তাবৃন্দ | ১৯/০৯/২০২২ | ১৮/১০/২০২২ | ২৪/১১ | ২২/১১/২০২২ | ২০/১২/২০২২ | ১৬/০১/22 | ১৪/২/২০২২ | ১৪/০৬/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় কর্মকর্তা– | [signature] ১৯/০৯/২২ | [signature] ১৮/১০/২২ | | [signature] ২২/১১/২০২২ | – | [signature] | [signature] | [signature] |
| ১৬. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | [signature] | [signature] | | [signature] 22/11/2022 | [signature] 20/12/2021 | [signature] 13.01.2022 | [signature] 14.02.2022 | [signature] 14/06/2022 |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] 16/06/2022 |
| ১৮. | প্রশাসনিক কর্মকর্তা– | [signature] ১৯/০৯/২২ | [signature] ১৮/১০/২২ | | [signature] ২২/১১/২২ | [signature] ২০/১২/২২ | | | [signature] 20/06/22 |
| ১৯. | সমন্বয়কারী/ব্যবস্থাপক আমার বাড়ি আমার খামার প্র: | [signature] | [signature] | | [signature] 22/11/22 | [signature] 20/12/22 | [signature] 16/01/2022 | [signature] | [signature] 14/6/22 |
| ২০. | তথ্য সেবা কর্মকর্তা– | | | | | | | | |
| ২১. | বন কর্মকর্তা– | | | | | | | | |